


নবম অধ্যায় ত্রিভুজ





অনুশীলনী ৯.১



পাঠ সম্পর্কিত গুরুত্বপূর্ণ বিষয়াদি



- ❖ **ত্রিভুজের মধ্যমা :** ত্রিভুজের শীর্ষবিন্দু থেকে বিপরীত বাহুর মধ্যবিন্দু পর্যন্ত অঙ্কিত রেখাংশ মধ্যমা।
চিত্রে, ABC একটি ত্রিভুজ। A, B, C ত্রিভুজটির তিনটি শীর্ষবিন্দু। AB, BC, CA ত্রিভুজটির তিনটি বাহু এবং $\angle A$, $\angle B$, $\angle C$ তিনটি কোণ। ত্রিভুজটির যেকোনো একটি বাহু BC-এর মধ্যবিন্দু D নির্ণয় করি এবং D হতে বিপরীত শীর্ষবিন্দু A পর্যন্ত রেখাংশ আঁকি। AD, ABC ত্রিভুজের একটি মধ্যমা।
- ❖ **ত্রিভুজের উচ্চতা :** শীর্ষবিন্দু থেকে বিপরীত বাহুর লম্ব দূরত্বই ত্রিভুজের উচ্চতা।
চিত্রে, ABC একটি ত্রিভুজ। A শীর্ষবিন্দু হতে বিপরীত বাহু BC এর লম্ব দূরত্বই ত্রিভুজের উচ্চতা। A হতে BC এর উপর লম্ব AM অঙ্কন করি। AM, ABC ত্রিভুজের উচ্চতা। প্রত্যেক শীর্ষবিন্দু হতে ত্রিভুজের উচ্চতা নির্ণয় করা যায়।
- ❖ **ত্রিভুজের বহিঃস্থ ও অন্তঃস্থ কোণ**
কোনো ত্রিভুজের একটি বাহু বর্ধিত করলে যে কোণ উৎপন্ন হয় তা ত্রিভুজটির একটি বহিঃস্থ কোণ। এই কোণের সন্নিহিত কোণটি ছাড়া ত্রিভুজের অপর দুইটি কোণকে এই বহিঃস্থ কোণের বিপরীত অন্তঃস্থ কোণ বলা হয়।



চিত্রে, $\triangle ABC$ এর BC বাহুকে D পর্যন্ত বর্ধিত করা হয়েছে। $\angle ACD$ ত্রিভুজটির একটি বহিঃস্থ কোণ।


$\angle ABC$, $\angle BAC$ ও $\angle ACB$ ত্রিভুজটির তিনটি অন্তঃস্থ কোণ। $\angle ACB$ কে $\angle ACD$ এর শ্রেণিতে সন্নিহিত অন্তঃস্থ কোণ বলা হয়। $\angle ABC$ ও $\angle BAC$ এর প্রত্যেককে $\angle ACD$ এর বিপরীত অন্তঃস্থ কোণ বলা হয়।




অনুশীলনীর প্রশ্ন ও সমাধান



প্রশ্ন ১ ১ $\angle ABD$, $\angle CBD$ এবং $\angle ADB$ এর মান নির্ণয় কর।



সমাধান :




চিত্রে, $\triangle ABC$ এর $\angle ABC = 90^\circ$, $\angle BAC = 48^\circ$ এবং $BD \perp AC$.

$$\therefore \angle ADB = 90^\circ, \angle ABD = 90^\circ - 48^\circ = 42^\circ$$

$$\angle BDC = 90^\circ, \angle CBD = 90^\circ - 42^\circ = 48^\circ$$

প্রশ্ন ১ ২ $\triangle ABC$ একটি সমদ্বিবাহু ত্রিভুজের শীর্ষবিন্দুতে অবস্থিত কোণটির মান 50° । অবশিষ্ট কোণ দুইটির মান নির্ণয় কর।

সমাধান :



$\triangle ABC$ -এ $AB = AC$ এবং শীর্ষবিন্দুতে অবস্থিত $\angle BAC = 50^\circ$.
অবশিষ্ট কোণ দুইটির মান নির্ণয় : $\triangle ABC$ -এ $AB = AC$

$$\therefore \angle ABC = \angle ACB$$

[ত্রিভুজের সমান বাহুর
বিপরীত কোণদ্বয় সমান]

আবার, $\triangle ABC$ -এ $\angle ABC + \angle ACB$
 $+ \angle BAC = 180^\circ$

$$\text{বা, } \angle ABC + \angle ABC + 50^\circ = 180^\circ$$


$$\text{বা, } 2\angle ABC = 180^\circ - 50^\circ = 130^\circ$$

$$\therefore \angle ABC = \frac{130^\circ}{2} = 65^\circ$$

$$\therefore \angle ABC = \angle ACB = 65^\circ$$

প্রশ্ন ১৩ ১১ প্রমাণ কর যে, চতুর্ভুজের চারটি কোণের সমষ্টি চার
সমকোণের সমান।

সমাধান :



মনে করি, $\triangle ABCD$ একটি চতুর্ভুজ। প্রমাণ করতে হবে যে,
 $\angle A + \angle B + \angle C + \angle D =$ চার সমকোণ।

প্রমাণ :

ধাপ :

$$1. \triangle ABD \text{ এ } \angle BAD + \angle ABD$$

 $+ \angle ADB = \text{দুই সমকোণ।}$

[ত্রিভুজের তিন কোণের
সমষ্টি দুই সমকোণ]

$$2. \triangle BCD \text{ -এ } \angle BCD + \angle DBC + \angle BDC$$

 $= \text{দুই সমকোণ।}$

[ত্রিভুজের তিন কোণের
সমষ্টি দুই সমকোণ]


$$3. \therefore \angle BAD + \angle BCD + (\angle ABD + \angle DBC)$$

 $+ (\angle ADB + \angle BDC) = \text{চার সমকোণ}$
 $\therefore \angle BAD + \angle BCD + \angle ABC + \angle ADC$
 $= \text{চার সমকোণ [প্রমাণিত]}$

[১ ও ২ হতে]

প্রশ্ন ১৪ ১১ দুইটি রেখা PQ এবং RS পরস্পর O বিন্দুতে ছেদ করে।
 PQ এবং RS এর উপর যথাক্রমে L ও M এবং E ও F চারটি বিন্দু,
যেন, $LM \perp RS$, $EF \perp PQ$. প্রমাণ কর যে, $\angle MLO = \angle FEO$.

সমাধান :



মনে করি, PQ এবং RS রেখাদ্বয় পরস্পর O বিন্দুতে ছেদ করে। PQ
এবং RS এর উপর যথাক্রমে L ও M এবং E ও F চারটি বিন্দু যেন LM
 $\perp RS$ এবং $EF \perp PQ$ হয়। প্রমাণ করতে হবে যে, $\angle MLO = \angle FEO$.

প্রমাণ :

ধাপ :

$$1. \angle LMO = \angle FEO$$

$$2. \angle MOL = \angle EOF$$

$$3. \angle MOL + \angle MLO + \angle LMO$$

 $= \angle EOF + \angle FEO + \angle FEO$

$$8. \angle MLO = \angle FEO \text{ [প্রমাণিত]}$$

যথার্থতা

[সমকোণ]


[বিপরীত কোণ]

[প্রত্যেকেই দুই
সমকোণের সমান]

[সমান সমান কোণ বাদ দিয়ে]

প্রশ্ন ১৫ ১১ $\triangle ABC$ -এর $AC \perp BC$; E , AC এর বর্ধিতাংশের উপর
যেকোনো বিন্দু এবং $ED \perp AB$. ED এবং BC পরস্পরকে O বিন্দুতে
ছেদ করে। প্রমাণ কর যে, $\angle CEO = \angle DBO$.

সমাধান :



মনে করি, $\triangle ABC$ এর $AC \perp BC$; E , AC এর বর্ধিতাংশের উপর যেকোনো
বিন্দু এবং $ED \perp AB$. ED এবং BC পরস্পরকে O বিন্দুতে ছেদ করে। প্রমাণ
করতে হবে যে, $\angle CEO = \angle DBO$.

প্রমাণ :

ধাপ :

$$1. \angle BOD = \angle COE$$

$$2. \angle BDO = \angle OCE$$

$$3. \triangle BDO \text{ এ } \angle DBO + \angle BDO + \angle BOD$$

 $= \text{দুই সমকোণ।}$

[ত্রিভুজের তিন কোণের
সমষ্টি দুই সমকোণ]

$$8. \text{ তদ্রূপ } \triangle CEO \text{ এ } \angle COE + \angle OCE +$$

 $\angle CEO = \text{দুই সমকোণ।}$

[একইভাবে]

$$\therefore \angle COE + \angle OCE + \angle CEO$$

 $= \angle DBO + \angle BDO + \angle BOD$

[৩ এবং ৪ হতে]

$$\therefore \angle CEO = \angle DBO$$

[প্রমাণিত]

[উভয়পর্ব থেকে সমান
কোণ বাদ দিয়ে]



অতিরিক্ত বহুনির্বাচনি প্রশ্নোত্তর



ত্রিভুজ

■ পৃষ্ঠা : ১১৩

সাধারণ বহুনির্বাচনি প্রশ্নোত্তর

- তিনটি রেখাংশ দ্বারা আবদ্ধ ক্ষেত্রের সীমারেখাকে কী বলে? (সহজ)
 - ত্রিভুজ
 - বহুভুজ
 - চতুর্ভুজ
 - সরলরেখা
- ত্রিভুজের যেকোনো দুইটি বাহুর সাধারণ বিন্দুকে কী বলে? (সহজ)
 - মধ্যবিন্দু
 - শীর্ষবিন্দু
 - পাদবিন্দু
 - অন্তঃস্থ বিন্দু
- বাহুভেদে ত্রিভুজ কত প্রকার? (সহজ)
 - ২
 - ৩
 - ৪
 - ৫
- কোণভেদে ত্রিভুজ কত প্রকার? (সহজ)
 - ১
 - ২
 - ৩
 - ৪
- ত্রিভুজের তিন বাহুর সমষ্টিতে কী বলা হয়? (সহজ)
 - মধ্যমা
 - উচ্চতা
 - পরিসীমা
 - বৈশিষ্ট্য

বহুপদী সমাপ্তিসূচক বহুনির্বাচনি প্রশ্নোত্তর

- নিচের তথ্যগুলো লক্ষ কর :
 - ত্রিভুজের দুই বাহুর শীর্ষবিন্দুতে একটি কোণ তৈরি করে
 - কোণভেদে ত্রিভুজ তিন প্রকার
 - বাহুভেদে ত্রিভুজ চার প্রকার
 নিচের কোনটি সঠিক? (মধ্যম)
 - i ও ii
 - i ও iii
 - ii ও iii
 - i, ii ও iii

৯.১ : ত্রিভুজের মধ্যমা

■ পৃষ্ঠা-১১৩

সাধারণ বহুনির্বাচনি প্রশ্নোত্তর

- ত্রিভুজের শীর্ষ বিন্দু থেকে বিপরীত বাহুর মধ্যবিন্দু পর্যন্ত অঙ্কিত রেখাংশকে কী বলে? (সহজ)
 - পরিসীমা
 - মধ্যমা
 - অতিভুজ
 - কোণ
- ত্রিভুজের মধ্যমা কয়টি? (সহজ)
 - ২
 - ৩
 - ৪
 - ৫
- সমকোণী ত্রিভুজের সমকোণের বিপরীত বাহুকে কী বলে? (সহজ)
 - লম্ব
 - ভূমি
 - কোন
 - অতিভুজ
- ত্রিভুজের যেকোনো দুইটি বাহুর সাধারণ বিন্দুকে কী বলে? (সহজ)
 - মধ্যবিন্দু
 - শীর্ষবিন্দু
 - পাদবিন্দু
 - অন্তঃস্থ বিন্দু
- সমবাহু ত্রিভুজের ΔABC এর তিনটি মধ্যমা AD , BE ও CF হলে কোনটি সঠিক হবে? (মধ্যম)
 - $AB = AC = AD$
 - $AB \neq BE \neq CF$
 - $AD = BE = CF$
 - $AD = CF \neq BE$
- ABC ত্রিভুজের BC বাহুর মধ্যবিন্দু D হলে, AD কে কী বলে? (সহজ)
 - বৈশিষ্ট্য
 - মধ্যমা
 - পরিসীমা
 - ভূমি
- ABC ত্রিভুজের BE ও CF মধ্যমা দুইটি সমান হলে ত্রিভুজটি কী ধরনের? (সহজ)
 - সমবাহু
 - সমদ্বিবাহু
 - বিষমবাহু
 - সমকোণী

বহুপদী সমাপ্তিসূচক বহুনির্বাচনি প্রশ্নোত্তর

- ABC ত্রিভুজে—
 - A, B, C তিনটি শীর্ষবিন্দু
 - $\angle A, \angle B, \angle C$ তিনটি কোণ

iii. AB, BC, CA তিনটি বাহু


নিচের কোনটি সঠিক? (সহজ)

- i ও ii
- i ও iii
- ii ও iii
- i, ii ও iii

অভিন্ন তথ্যভিত্তিক বহুনির্বাচনি প্রশ্নোত্তর

■ নিচের তথ্যের আলোকে ১৫ – ১৭ নং প্রশ্নের উত্তর দাও:

ABC ত্রিভুজের $\angle A = 98^\circ$, $BC = 6$ সে.মি. এবং A কোণের সমদ্বিখণ্ডক AD ।



১৫. $\angle BAD =$ কত? (সহজ)

- 45°
- 48°
- 49°
- 60°

১৬. ΔABC এর মধ্যমা নিচের কোনটি? (সহজ)

- AD
- BD
- AC
- CD

১৭. নিচের কোন সম্পর্কটি সঠিক? (সহজ)

- $AB = BD$
- $AD = BD$
- $AD = AC$
- $BD = CD$


৯.২ : ত্রিভুজের উচ্চতা

■ পৃষ্ঠা : ১১৪

সাধারণ বহুনির্বাচনি প্রশ্নোত্তর

- কোনো ত্রিভুজের শীর্ষ বিন্দু থেকে বিপরীত বাহুর উপর লম্ব দূরত্বকে কী বলে? (গত. ল্যাভরেটরি স্কুল, রাজশাহী)
 - ত্রিভুজের মধ্যমা
 - ত্রিভুজের উচ্চতা
 - ত্রিভুজের ভূমি
 - ত্রিভুজের অতিভুজ

১৯.




চিত্রে ABC ত্রিভুজের AD কী? (কঠিন)

- মধ্যমা
- উচ্চতা
- অতিভুজ
- বাহু

২০. সাধারণত মধ্যমা ও উচ্চতা ত্রিভুজের কোথায় থাকে? (মধ্যম)

- বহিঃস্থে
- অভ্যন্তরে
- সমকোণের পাশে
- বাহুর মধ্যস্থানে

২১. চিত্রে ΔABC এর BC বাহুর উপর AM লম্ব। $\angle ACM + \angle CAM =$ কত ডিগ্রী? (কঠিন)




- 80°
- 90°
- 120°
- 130°

ব্যাখ্যা : $\angle AMC = 90^\circ$ [$\because AM \perp BC$]

$\therefore \angle ACM + \angle CAM = 90^\circ$ [ত্রিভুজের তিনকোণের সমষ্টি 180°]

২২. চিত্রে ΔABC এ $AB = AC$ এবং $BD = CE$; $AD = 3$ সে.মি. হলে $AE =$ কত সে.মি. [খুলনা সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়]



- ৩ সে.মি. ☐ ৩.৪ সে.মি. ☐ ৩.৩ সে.মি. ☐ ২.৫ সে.মি.

বহুপদী সমাপ্তিসূচক বহুনির্বাচনি প্রশ্নোত্তর


২৩. ABC ত্রিভুজে—

- i. A শীর্ষবিন্দু হতে বিপরীত বাহু BC এর লম্ব দূরত্বই ত্রিভুজের উচ্চতা
ii. ত্রিভুজের সকল বাহুই ঐ ত্রিভুজের উচ্চতা
iii. এর প্রত্যেক শীর্ষবিন্দু হতে উচ্চতা নির্ণয় করা যায়
নিচের কোনটি সঠিক?

(মধ্যম)

- ☐ i ও ii ● i ও iii ☐ ii ও iii ☐ i, ii ও iii

২৪.



$\triangle ABC$ -এ


- i. AD ত্রিভুজের উচ্চতা
ii. AM ত্রিভুজের উচ্চতা
iii. AM, BC এর উপর লম্ব
নিচের কোনটি সঠিক?

(মধ্যম)

- ☐ i ও ii ☐ i ও iii ● ii ও iii ☐ i, ii ও iii

অভিন্ন তথ্যভিত্তিক বহুনির্বাচনি প্রশ্নোত্তর

■ নিচের তথ্যের আলোকে ২৫ – ২৭ নং প্রশ্নের উত্তর দাও:



চিত্রে $AM \perp BC$

২৫. $\triangle ABC$ এর উচ্চতা নিচের কোনটি?

(সহজ)

- ☐ AB ☐ AC ☐ BC ● AM

২৬. $\angle AMC =$ কত ডিগ্রী?

(মধ্যম)

- ☐ 45° ☐ 60° ● 90° ☐ 120°

ব্যাখ্যা : $\angle CMB = 180^\circ$ [সরল কোণ] $\therefore \angle AMB = \angle AMC = 90^\circ$

২৭. $\triangle AMB$ কোন ধরনের ত্রিভুজ?

(মধ্যম)

- সমকোণী ☐ সূক্ষ্মকোণী ☐ স্মূলকোণী ☐ সমবাহু

৯.৩ : ত্রিভুজের বহিঃস্থ ও অন্তঃস্থ কোণ ■ পৃষ্ঠা : ১১৪


সাধারণ বহুনির্বাচনি প্রশ্নোত্তর

২৮. কোনো ত্রিভুজের একটি বাহু বর্ধিত করলে যে কোণ উৎপন্ন হয় তা কী ধরনের কোণ?

(সহজ)

- ☐ অন্তঃস্থকোণ ● বহিঃস্থকোণ ☐ সন্নিহিত কোণ ☐ সমকোণ

২৯.




$\angle 1 + \angle 2 + \angle 3 =$ কত?

(মধ্যম)

- ☐ 90° ☐ 80° ☐ 100° ● 180°

বহুপদী সমাপ্তিসূচক বহুনির্বাচনি প্রশ্নোত্তর

৩০.



চিত্রে $\triangle ABC$ -এ $AB = AC$ হলে—

i. $\angle ABC = 60^\circ$ ii. $\angle ACD = 110^\circ$


iii. $\angle ABE = 120^\circ$

নিচের কোনটি সঠিক?

(মধ্যম)

- ☐ i ও ii ● i ও iii ☐ ii ও iii ☐ i, ii ও iii

৩১. নিচের চিত্রের আলোকে কিছু তথ্য—



i. $\angle ACD$ বহিঃস্থ কোণ

ii. $\angle ACB, \angle ACD$ এর সন্নিহিত অন্তঃস্থ কোণ

iii. $\angle ACD$ এর একমাত্র বিপরীত অন্তঃস্থ কোণ $\angle ABC$

নিচের কোনটি সঠিক?

(মধ্যম)

- i ও ii ☐ i ও iii ☐ ii ও iii ☐ i, ii ও iii

ব্যাখ্যা : (iii) $\angle ACD$ এর বিপরীত অন্তঃস্থ কোণ দুটি $\angle ABC$ ও $\angle BAC$ । সুতরাং উক্তিটি সঠিক নয়।

অভিন্ন তথ্যভিত্তিক বহুনির্বাচনি প্রশ্নোত্তর

■ নিচের তথ্যের আলোকে ৩২ – ৩৪ নং প্রশ্নের উত্তর দাও :

$\triangle ABC$ এর $\angle ACD$ বহিঃস্থ কোণ। $CE, \angle ACD$ এর সমদ্বিখন্ডক। $AB \parallel CE$ এবং $\angle ECD = 60^\circ$

৩২. $\angle BAC$ এর মান নিচের কোনটি?

(মধ্যম)

- ☐ 30° ☐ 45° ● 60° ☐ 90°

৩৩. $\angle ACD = ?$

(মধ্যম)


- ☐ 90° ● 120° ☐ 150° ☐ 180°

৩৪. $\triangle ABC$ কোন ধরনের ত্রিভুজ?

(কঠিন)

- ☐ স্মূলকোণী ● সমবাহু ☐ সমদ্বিবাহু ☐ সমকোণী

■ নিচের তথ্যের আলোকে ৩৫ – ৩৭ নং প্রশ্নের উত্তর দাও :



$\triangle ABC$ -এ $AB = BC$ । AB ও AC বাহুদ্বয়কে যথাক্রমে D ও E পর্যন্ত এবং BC বাহুদ্বয়কে উভয়দিকে P ও Q পর্যন্ত বর্ধিত করা হয়েছে।

৩৫. $\angle ABC = 50^\circ$ হলে $\angle ACB =$ কত?

(মধ্যম)

- ☐ 30° ☐ 45° ● 50° ☐ 60°

ব্যাখ্যা : যেহেতু $AB = AC$

তাই $\angle ACB = \angle ABC \therefore \angle ACB = 50^\circ$

৩৬. $\angle BAC =$ কত? (মধ্যম)

- ক) 60° খ) 70° ● 80° ঘ) 100°

ব্যাখ্যা : যেহেতু $\angle ABC + \angle BAC + \angle ACB = 180^\circ$

বা, $50^\circ + 50^\circ + \angle BAC = 180^\circ$

বা, $\angle BAC = 180^\circ - 50^\circ - 50^\circ \therefore \angle BAC = 80^\circ$

৩৭. $\angle BCE =$ কত? (মধ্যম)


- ক) 90° খ) 100° গ) 120° ● 130°

ব্যাখ্যা : $\therefore \angle ACB + \angle BCE = 180^\circ$

বা, $50^\circ + \angle BCE = 180^\circ$ বা, $\angle BCE = 180^\circ - 50^\circ$

$\therefore \angle BCE = 130^\circ$

■ নিচের তথ্যের আলোকে ৩৮ ও ৩৯ নং প্রশ্নের উত্তর দাও:



৩৮. চিত্রে $\triangle ABC$ এর বহিঃস্থ কোণ কোনটি? (মধ্যম)


- ক) $\angle ABC$ খ) $\angle ACB$ ● $\angle ACD$ ঘ) $\angle BCD$

৩৯. $\triangle ABC$ এর অন্তঃস্থ কোণগুলো কী কী? (কঠিন)

- ক) $\angle ABC, \angle BAC, \angle ACD$ খ) $\angle BCD, \angle ABC, \angle ACD$

- $\angle ABC, \angle BAC, \angle ACB$ ঘ) $\angle BCD, \angle ABC, \angle ACD$

■ নিচের তথ্যের আলোকে ৪০ ও ৪১ নং প্রশ্নের উত্তর দাও:



ABC একটি সমদ্বিবাহু ত্রিভুজ এবং $\angle BAC = 40^\circ$

৪০. $\angle ABC$ এর মান কোনটি? (মধ্যম)

- ক) 60° খ) 65° ● 70° ঘ) 75°

৪১. চিত্রে বহিঃস্থ $\angle ACD$ এর মান কত? (মধ্যম)

- 110° খ) 120° গ) 150° ঘ) 180°

৯.৪ : ত্রিভুজের তিন কোণের যোগফল ■ পৃষ্ঠা : ১১৪-১১৬

সাধারণ বহুনির্বাচনি প্রশ্নোত্তর

৪২. ত্রিভুজের তিন কোণের সমষ্টি— (মধ্যম)

- ক) 90° ● 180° গ) 225° ঘ) 360°

৪৩. একটি সমকোণী ত্রিভুজের একটি সূক্ষ্মকোণ 45° হলে অপর সূক্ষ্মকোণটি কত? (সহজ)

- ক) 30° খ) 40° ● 45° ঘ) 60°

ব্যাখ্যা : সমকোণী ত্রিভুজের একটি কোণ 90° এবং একটি সূক্ষ্মকোণ 45° হলে অপর কোণটি $= 180^\circ - (90^\circ + 45^\circ) = 45^\circ$

৪৪. একটি সমবাহু ত্রিভুজের একটি কোণ 60° হলে অপর দুটি কোণের পরিমাণ কত? (সহজ)

- ক) $30^\circ, 30^\circ$ খ) $30^\circ, 45^\circ$ গ) $45^\circ, 45^\circ$ ● $60^\circ, 60^\circ$

ব্যাখ্যা : যেহেতু সমবাহু ত্রিভুজটির প্রত্যেক কোণ 60° তাই অপর দুটি কোণের মান 60° হবে।

৪৫. একটি ত্রিভুজের দুটি কোণ 110° এবং 35° ত্রিভুজটি কী প্রকৃতির? (কঠিন)

- ক) সূক্ষ্মকোণী খ) সমকোণী ● স্থূলকোণী ঘ) সমদ্বিবাহু

৪৬. সমকোণী ত্রিভুজের সূক্ষ্মকোণদ্বয়ের একটি 42° হলে অপর কোনটি কত? (মধ্যম)

- ক) 90° খ) 58° ● 48° ঘ) 42°

৪৭. একটি ত্রিভুজের দুটি কোণ 130° ও 25° । ত্রিভুজটি কী প্রকৃতির? (সহজ)

- ক) সূক্ষ্মকোণী খ) সমকোণী ● স্থূলকোণী ঘ) সমদ্বিবাহু

ব্যাখ্যা : যে ত্রিভুজের একটি কোণের মান 90° অপেক্ষা বৃহত্তর তাকে স্থূলকোণী ত্রিভুজ বলে।

৪৮. সমবাহু ত্রিভুজের প্রত্যেকটি কোণের পরিমাণ কত? (সহজ)

- ক) 30° খ) 45° ● 60° ঘ) 90°

বহুপদী সমাপ্তিসূচক বহুনির্বাচনি প্রশ্নোত্তর

৪৯. $\triangle PQR$ -এ $PQ = PR$ হলে,

i. ত্রিভুজটি সমবাহু

ii. $\angle PQR = \angle PRQ$

iii. যদি $\angle P = 90^\circ$ হয় তাহলে $\angle Q + \angle R = 90^\circ$

নিচের কোনটি সঠিক? (মধ্যম)

- ক) i ও ii খ) i ও iii ● ii ও iii ঘ) i, ii ও iii

৫০. নিচের তথ্যগুলো লক্ষ কর :

i. সমবাহু ত্রিভুজের কোণের পরিমাণ 90°

ii. 60° এর সম্পূরক কোণ 120°

iii. এক সরলকোণ $= 180^\circ$

নিচের কোনটি সঠিক? (কঠিন)

- ক) i ও ii খ) i ও iii ● ii ও iii ঘ) i, ii ও iii

৫১. সমবাহু ত্রিভুজের—

i. প্রতিটি বাহুর দৈর্ঘ্য সমান ii. প্রত্যেকটি কোণ 60°

iii. ABC সমবাহু ত্রিভুজ হলে $\angle A + \angle B + \angle C = 360^\circ$

নিচের কোনটি সঠিক? (কঠিন)

- i ও ii খ) i ও iii গ) ii ও iii ঘ) i, ii ও iii

৫২. সমদ্বিবাহু ত্রিভুজের—

i. সমান কোণদ্বয় অবশ্যই সূক্ষ্মকোণ

ii. অন্যতম দুটি সূক্ষ্মকোণ থাকে

iii. তিনকোণের সমষ্টি দুই সমকোণ


নিচের কোনটি সঠিক? (মধ্যম)

- ক) i ও ii খ) i ও iii গ) ii ও iii ● i, ii ও iii

অভিন্ন তথ্যভিত্তিক বহুনির্বাচনি প্রশ্নোত্তর

■ নিচের তথ্যের আলোকে ৫৩ – ৫৫ নং প্রশ্নের উত্তর দাও :

[শেরপুর সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়]



৫৩. $\triangle ABC$ এ $\angle A + \angle B + \angle C$ এর মান কত?

- ক) 90° ● 180° গ) 250° ঘ) 280°

ব্যাখ্যা : ত্রিভুজের তিন কোণের সমষ্টি দুই সমকোণ বা 180°


৫৪. $\triangle ABC$ এর $\angle B$ এর পরিমাণ কত?

- 60° খ) 80° গ) 90° ঘ) 120°

৫৫. $\angle ACE$ এর ডিগ্রি পরিমাণ কোনটি?

- ক) 20° খ) 30° গ) 50° ● 60°

■ নিচের তথ্যের আলোকে ৫৬ – ৫৮ নং প্রশ্নের উত্তর দাও :



চিত্রে- $AB \parallel CD$, O, AC এর মধ্যবিন্দু এবং $BO = OD$, BC কে E পর্যন্ত বর্ধিত করা হলো।

৫৬. $\angle BAC$ এর পরিমাণ কত? (কঠিন)

- ক) 30° ● 40° গ) 45° ঘ) 60°

ব্যাখ্যা : যেহেতু $AB \parallel CD$ এবং AC এদের ছেদক
 $\therefore \angle BAC = \angle OCD$ [একান্তর কোণ]
 যেহেতু $\angle OCD = 40^\circ \therefore \angle BAC = 40^\circ$

৫৭. $\angle ABC =$ কত? (কঠিন)

- ক) 60° খ) 70° গ) 75° ● 88°

ব্যাখ্যা : $\triangle ABC$ -এ $\angle ABC + \angle BAC + \angle ACB = 180^\circ$
 বা, $\angle ABC + 40^\circ + 52^\circ = 180^\circ \therefore \angle ABC = 88^\circ$

৫৮. $\angle DCE$ এর পরিমাণ কত? (কঠিন)

- ক) 70° খ) 80° ● 88° ঘ) 90°

ব্যাখ্যা : $AB \parallel CD$ এবং BD ছেদক
 তাই $\angle ABC = \angle DCE$ [অনুরূপ কোণ]
 তাই $\angle DCE = 88^\circ$, যেহেতু $\angle ABC = 88^\circ$



অতিরিক্ত সৃজনশীল প্রশ্ন ও সমাধান




প্রশ্ন-১ ▶ ABC একটি ত্রিভুজ।

- ক. উদ্দীপকের ত্রিভুজ একে চাঁদার সাহায্যে এর তিনটি কোণের পরিমাণ নির্ণয় কর। ২
 খ. প্রমাণ কর যে, $\angle ABC + \angle BAC + \angle ACB =$ দুই সমকোণ। ৪
 গ. উদ্দীপকের ত্রিভুজটির BC বাহুকে বর্ধিত করলে যে বহিঃস্থ কোণ উৎপন্ন হবে, তা এর বিপরীত অন্তঃস্থ কোণদ্বয়ের সমষ্টির সমান প্রমাণ কর। ৪


▶▶ ১নং প্রশ্নের সমাধান ▶▶

ক.



$\triangle ABC$ এ, $\angle A = 90^\circ$, $\angle B = 30^\circ$, $\angle C = 60^\circ$

- খ. প্রমাণ করতে হবে যে, $\angle ABC + \angle BAC + \angle ACB =$ দুই সমকোণ।
 অঙ্কন : BC কে D পর্যন্ত বর্ধিত করি। BA এর সমান্তরাল করে CE আঁকি।



প্রমাণ :

- | | |
|--|-------------------------|
| ধাপ | যথার্থতা |
| (১) $BA \parallel CE$ এবং AC তাদের ছেদক। | [একান্তর কোণ] |
| $\therefore \angle BAC = \angle ACE$ | |
| (২) $BA \parallel CE$ এবং BD তাদের ছেদক। | [অনুরূপ কোণ] |
| $\therefore \angle ABC = \angle ECD$ | |
| (৩) $\angle BAC + \angle ABC = \angle ACE + \angle ECD = \angle ACD$ | [উভয় পর্বে] |
| (৪) $\angle BAC + \angle ABC + \angle ACB = \angle ACD + \angle ACB$ | [$\angle ACB$ যোগ করে] |
| (৫) $\angle ACD + \angle ACB = 2$ সমকোণ | [সরলকোণ উপপাদ্য] |
| $\therefore \angle BAC + \angle ABC + \angle ACB = 2$ সমকোণ | [প্রমাণিত] |

- গ. $\triangle ABC$ এর BC বাহুকে বর্ধিত করায় বহিঃস্থ $\angle ACD$ উৎপন্ন হয়েছে। প্রমাণ করতে হবে যে, $\angle ACD = \angle ABC + \angle BAC$ ।
 প্রমাণ :

- | | |
|---|---------------------------------|
| ধাপ | যথার্থতা |
| (১) $\triangle ABC$ এ, $\angle ABC + \angle BAC + \angle ACB = 2$ সমকোণ | [ত্রিভুজের তিন কোণের সমষ্টি দুই |


- (২) $\angle ACB + \angle ACD = 2$ সমকোণ [সরলকোণ উপপাদ্য]
 (৩) $\angle ABC + \angle BAC + \angle ACB = \angle ACB + \angle ACD$ [প্রমাণিত]
 বা, $\angle ACD = \angle ABC + \angle BAC$

প্রশ্ন-২ ▶ $\triangle ABC$ -এ $\angle ABC = 90^\circ$, $\angle BAC = 55^\circ$ এবং $BD \perp AC$ ।

- ক. উদ্দীপকের আলোকে বিবরণসহ চিত্র আঁক। ২
 খ. $\angle ACB$, $\angle DBC$ ও $\angle ABD$ এর মান নির্ণয় কর। ৪
 গ. $\triangle ABC$ -এ $AB = BC$ হলে প্রমাণ কর যে, $AD = CD$ । ৪

▶▶ ২নং প্রশ্নের সমাধান ▶▶


ক. প্রদত্ত তথ্যের ভিত্তিতে চিত্রটি আঁকা হলো :



$\triangle ABC$ -এ $\angle ABC = 90^\circ$, $\angle BAC = 55^\circ$ এবং $BD \perp AC$ এর উপর লম্ব।

- খ. $\triangle ABC$ -এ $\angle ABC = 90^\circ$, $\angle BAC = 55^\circ$
 $\therefore \angle ACB = 90^\circ - 55^\circ = 35^\circ$
 $\angle ABD = 90^\circ - 55^\circ = 35^\circ$
 $\angle DBC = 90^\circ - 35^\circ = 55^\circ$

গ.




বিশেষ নির্বচন : মনে করি, $\triangle ABC$ -এ $AB = BC$ এবং $BD \perp AC$.
 প্রমাণ করতে হবে যে, $AD = CD$.

প্রমাণ :

- | | |
|-----|----------|
| ধাপ | যথার্থতা |
|-----|----------|

- (১) $\angle ADB = \angle BDC = ১$ সমকোণ [BD⊥AC]
 (২) সমকোণী $\triangle ADB$ এবং সমকোণী $\triangle BDC$ -এ
 অতিভুজ AB = অতিভুজ BC [দেওয়া আছে]
 এবং BD = BD [সাধারণ বাহু]
 $\therefore \triangle ABD \cong \triangle BDC$ [অতিভুজ-বাহু-উপপাদ্য]
 $\therefore AD = CD$ [প্রমাণিত]

প্রশ্ন-৩ ▶




এখানে ABC একটি ত্রিভুজ।

- ক. BC কে D পর্যন্ত বর্ধিত কর এবং BA||CE আঁক। ২
 খ. প্রমাণ কর যে, $\angle ACD = \angle BAC + \angle ABC$ ৪
 গ. প্রমাণ কর যে, ত্রিভুজের একটি বাহুকে বর্ধিত করলে যে বহিঃস্থ কোণ উৎপন্ন হয়, তা এর অন্তঃস্থ বিপরীত কোণ দুটির প্রত্যেকটি অপেক্ষা বৃহত্তর। ৪

▶◀ ৩নং প্রশ্নের সমাধান ▶◀

ক. নিচে BC কে D পর্যন্ত বর্ধিত করে BA || CE আঁকা হলো :



খ. প্রমাণ :

- ধাপ যথার্থতা
 (১) $\angle BAC = \angle ACE$ [AB||CE এবং AC তাদের ছেদক দ্বারা উৎপন্ন একান্তর কোণ]
 (২) $\angle ABC = \angle ECD$ [AB||CE এবং BD ছেদক দ্বারা উৎপন্ন অনুরূপ কোণ]
 $\therefore \angle BAC + \angle ABC = \angle ACE + \angle ECD$
 (৩) $\angle ACD = \angle ACE + \angle ECD$ [চিত্র হতে]
 $\therefore \angle ACD = \angle BAC + \angle ABC$ (প্রমাণিত)

গ. উক্ত $\triangle ABC$ -এর বহিঃস্থ কোণ হলো $\angle ACD$ এবং $\angle ACD$ এর বিপরীত অন্তঃস্থ কোণ হলো $\angle ABC$ ও $\angle BAC$ 'খ' তে পাই, $\angle ACD = \angle BAC + \angle ABC$ বহিঃস্থ $\angle ACD$ ঐ ত্রিভুজের বিপরীত অন্তঃস্থ কোণ দুটির সমষ্টির সমান।

অতএব, $\angle ACD > \angle BAC$ এবং $\angle ACD > \angle ABC$ সুতরাং ABC ত্রিভুজের BC বাহুকে বর্ধিত করলে যে বহিঃস্থ $\angle ACD$ উৎপন্ন হয়, তা বিপরীত অন্তঃস্থ কোণ $\angle BAC$ ও $\angle ABC$ এর প্রত্যেকটি অপেক্ষা বৃহত্তর। (প্রমাণিত)

সৃজনশীল প্রশ্নব্যাক উত্তরসহ


- প্রশ্ন-৪ ▶ একটি ত্রিভুজের দুইটি কোণ $\angle A$ ও $\angle B$ এবং $\angle A$ এর বিপরীত বাহু a.
 ক. $\angle A$ ও $\angle B$ এবং a বাহু আঁক। ২
 খ. ত্রিভুজটি আঁক। ৪
 গ. প্রমাণ কর যে, $AD > AB$ ৪
 প্রশ্ন-৫ ▶ ABC একটি ত্রিভুজ। এর একটি বাহু BC এবং দুইটি কোণ $\angle B = 30^\circ$ এবং $\angle C = 45^\circ$.
 ক. $\angle C$ এর সমান করে অন্য একটি কোণ অঙ্কন কর। ২

- খ. উদ্দীপকের তথ্যানুসারে ত্রিভুজটি অঙ্কন কর। ৪
 গ. ABC ত্রিভুজের BC বাহুকে বর্ধিত করায় বহিঃস্থ $\angle ACD$ উৎপন্ন হয়। প্রমাণ কর যে, $\angle ACD = \angle ABC + \angle BAC$. ৪
 প্রশ্ন-৬ ▶ $\triangle ABC$ এর BC বাহুকে বামে D ও ডানে E পর্যন্ত বর্ধিত করা হলো।
 ক. উপরের তথ্যের আলোকে চিত্রটি আঁক। ২
 খ. প্রমাণ কর যে, $\angle ACE = \angle A + \angle B$. ৪
 গ. প্রমাণ কর যে, $\angle ABD + \angle ACE > 180^\circ$ ৪

অনুশীলনী ৯.২

অনুশীলনীর প্রশ্ন ও সমাধান

নিচের তথ্যের ভিত্তিতে ১-৩ নম্বর প্রশ্নের উত্তর দাও :



- চিত্রে, CE, $\angle ACD$ এর সমদ্বিখন্ডক। $AB \parallel CE$ এবং $\angle ECD = 60^\circ$
 প্রশ্ন ১ $\angle BAC$ এর মান নিচের কোনটি?
 ক. 30° খ. 45° ● 60° ঘ. 120°

ব্যাখ্যা : যেহেতু $AB \parallel CE$ এবং AC ছেদক
 $\therefore \angle BAC = \angle ACE$ [একান্তর কোণ]
 কিন্তু CE, $\angle ACD$ এর সমদ্বিখন্ডক।
 সুতরাং $\angle ACE = \angle ECD = 60^\circ$
 $\therefore \angle BAC = 60^\circ$

প্রশ্ন ২ $\angle ACD$ এর মান নিচের কোনটি?

- ক. 60° খ. 90° ● 120° ঘ. 180°

ব্যাখ্যা : $\angle ACD = \angle ACE + \angle ECD = 60^\circ + 60^\circ = 120^\circ$

প্রশ্ন ৩ $\triangle ABC$ কোন ধরনের ত্রিভুজ?

ক. স্থূলকোণী খ. সমদ্বিবাহু ● সমবাহু ঘ. সমকোণী
ব্যাখ্যা : যেহেতু $BA \parallel CE$ এবং BD ছেদক

$\therefore \angle ABC = \angle ECD = 60^\circ$ [অনুরূপ কোণ]
আবার, $\angle BAC + \angle ABC + \angle ACB = 180^\circ$
বা, $60^\circ + 60^\circ + \angle ACB = 180^\circ$
বা, $\angle ACB = 180^\circ - 120^\circ = 60^\circ$
 $\therefore \angle ACB = 60^\circ$
সুতরাং $\angle BAC = \angle ABC = \angle ACB = 60^\circ$
অতএব, $\triangle ABC$ সমবাহু

প্রশ্ন ১৪ ৥ $\triangle ABC$ এ $\angle A = 70^\circ$, $\angle B = 40^\circ$ হলে $\triangle ABC$ কী ধরনের ত্রিভুজ?

ক. স্থূলকোণী খ. সমকোণী গ. সমবাহু ● সমদ্বিবাহু

প্রশ্ন ১৫ ৥ একটি ত্রিভুজের দুইটি বাহু যথাক্রমে ৫ সে.মি. এবং ৪ সে.মি. ত্রিভুজটির অপর বাহুটি নিচের কোনটি হতে পারে?

ক. ১ সে.মি. ● ৪ সে.মি. গ. ৯ সে.মি. ঘ. ১০ সে.মি.

ব্যাখ্যা : ৫ সে.মি. + ৪ সে.মি. = ৯ সে.মি. > ৪ সে.মি.

প্রশ্ন ১৬ ৥ সমদ্বিবাহু ত্রিভুজের সমান বাহুদ্বয়কে বর্ধিত করলে উৎপন্ন বহিঃস্থ কোণদ্বয়ের একটি 120° হলে, অপরটি কত?

● 120° খ. 90° গ. 60° ঘ. 30°

ব্যাখ্যা : সমদ্বিবাহু ত্রিভুজের সমান বাহুদ্বয়কে বর্ধিত করলে উৎপন্ন বহিঃস্থ কোণদ্বয়ও সমান হবে।

প্রশ্ন ১৭ ৥ সমকোণী ত্রিভুজের সূক্ষ্মকোণদ্বয়ের একটি 40° হলে, অপর সূক্ষ্মকোণের মান নিচের কোনটি?

ক. 40° খ. 45° ● 50° ঘ. 60°


ব্যাখ্যা : অপর সূক্ষ্মকোণ = $90^\circ - 40^\circ = 50^\circ$

প্রশ্ন ১৮ ৥ কোনো ত্রিভুজের একটি কোণ অপর দুইটি কোণের সমষ্টির সমান হলে, ত্রিভুজটি কী ধরনের হবে?

ক. সমবাহু খ. সূক্ষ্মকোণী ● সমকোণী ঘ. স্থূলকোণী

প্রশ্ন ১৯ ৥ $\triangle ABC$ -এ $AB > AC$ এবং $\angle B$ ও $\angle C$ এর সমদ্বিখণ্ডকদ্বয় পরস্পর P বিন্দুতে ছেদ করেছে। প্রমাণ কর যে, $PB > PC$.

সমাধান :



বিশেষ নির্বচন : মনে করি, $\triangle ABC$ এ $AB > AC$ এবং $\angle B$ ও $\angle C$ এর সমদ্বিখণ্ডকদ্বয় পরস্পর P বিন্দুতে ছেদ করেছে।

প্রমাণ কর যে, $PB > PC$.

প্রমাণ :

ধাপ

যথার্থতা

১. $\triangle ABC$ -এ $AB > AC$

[কল্পনা]

$\therefore \angle ACB > \angle ABC$

[ত্রিভুজের বৃহত্তর বাহুর বিপরীত কোণ ক্ষুদ্রতর বাহুর বিপরীত কোণ অপেক্ষা বৃহত্তর]

$\therefore \frac{1}{2} \angle ACB > \frac{1}{2} \angle ABC$

[উভয়পক্ষে $\frac{1}{2}$ দ্বারা গুণ করে]

বা, $\angle PCB > \angle PBC$

[PB ও PC যথাক্রমে $\angle ABC$ এবং $\angle ACB$ এর সমদ্বিখণ্ডক]


২. $\triangle PBC$ -এ $\angle PCB > \angle PBC$

$\therefore PB > PC$ [প্রমাণিত]

[বৃহত্তর কোণের বিপরীত বাহু ক্ষুদ্রতর কোণের বিপরীত বাহু অপেক্ষা বৃহত্তর]

প্রশ্ন ১০ ৥ ABC একটি সমদ্বিবাহু ত্রিভুজ এবং এর $AB = AC$; BC কে যেকোনো দূরত্বে D পর্যন্ত বাড়ানো হলো। প্রমাণ কর যে, $AD > AB$.

সমাধান :



বিশেষ নির্বচন : মনে করি, $\triangle ABC$ -এ $AB = AC$; BC কে যেকোনো দূরত্বে D পর্যন্ত বাড়ানো হলো। প্রমাণ করতে হবে যে, $AD > AB$.

প্রমাণ :

ধাপ:

যথার্থতা

১. $\triangle ABC$ -এ $AB = AC$

[কল্পনা]

$\therefore \angle ABC = \angle ACB$

[ত্রিভুজের সমান বাহুদ্বয়ের বিপরীত কোণদ্বয় পরস্পর সমান]

২. $\triangle ADC$ -এর বহিঃস্থ $\angle ACB$

$\therefore \angle ACB > \angle ADC$

[ত্রিভুজের বহিঃস্থ কোণ অন্তঃস্থ বিপরীত কোণদ্বয়ের প্রত্যেকটি অপেক্ষা বৃহত্তর]

৩. $\triangle ABD$ -এ $\angle ABD > \angle ADB$


[ত্রিভুজের বৃহত্তর বাহুর বিপরীত কোণ ক্ষুদ্রতর বাহুর বিপরীত কোণ অপেক্ষা বৃহত্তর]

$\therefore AD > AB$ [প্রমাণিত]

প্রশ্ন ১১ ৥ $ABCD$ চতুর্ভুজে $AB = AD$, $BC = CD$ এবং $CD > AD$.

প্রমাণ কর যে, $\angle DAB > \angle BCD$.

সমাধান :



মনে করি, $ABCD$ চতুর্ভুজে $AB = AD$, $BC = CD$ এবং $CD > AD$.

প্রমাণ করতে হবে যে, $\angle DAB > \angle BCD$.

অঙ্কন : A, C যোগ করি।

প্রমাণ :

ধাপ

যথার্থতা

১. $\triangle ADC$ -এ $CD > AD$

[কল্পনা]

$\therefore \angle DAC > \angle DCA$

[ত্রিভুজের বৃহত্তর বাহুর বিপরীত কোণ ক্ষুদ্রতর বাহুর বিপরীত কোণ অপেক্ষা বৃহত্তর]

২. $\triangle ABC$ -এ $BC > AB$

[$CD = BC$ এবং $AD = AB$]

$\therefore \angle BAC > \angle BCA$

[১ নং অনুসারে]

৩. $\angle DAC + \angle BAC > \angle DAC + \angle BCA$


[উভয়পক্ষে $\angle DAC$ যোগ করে]

বা, $\angle DAC + \angle BAC > \angle DAC + \angle BCA$ [$\therefore \angle DAC > \angle DCA$]

$\therefore \angle DAB > \angle BCD$ [প্রমাণিত]

প্রশ্ন ১২ ৥ ΔABC -এ $AB = AC$ এবং D , BC -এর উপর একটি বিন্দু। প্রমাণ কর যে, $AB > AD$.

সমাধান :



বিশেষ নির্বচন : মনে করি, ΔABC -এ $AB = AC$ এবং D , BC -এর উপর একটি বিন্দু। A, D যোগ করি। প্রমাণ করতে হবে যে, $AB > AD$.

প্রমাণ :

ধাপ

যথার্থতা

- ΔABC -এ $AB = AC$
 $\therefore \angle ABC = \angle ACB$. [সমান বাহুর বিপরীত কোণদ্বয় সমান]
- ΔADC -এর বহিঃস্থ $\angle ADB > \angle ACD$ [ত্রিভুজের বহিঃস্থ কোণ অন্তঃস্থ বিপরীত কোণদ্বয়ের প্রত্যেকটি অপেক্ষা বৃহত্তর]

$$\text{বা, } \angle ADB > \angle ACB.$$

$$\text{বা, } \angle ADB > \angle ABC.$$

[১ নং হতে]


$$\text{বা, } \angle ADB > \angle ABD.$$

- ΔABD -এ $\angle ADB > \angle ABD$.

$$\therefore AB > AD. \text{ [প্রমাণিত]} \quad [\text{ত্রিভুজের বৃহত্তর কোণের বিপরীত বাহু ক্ষুদ্রতর কোণের বিপরীত বাহু অপেক্ষা বৃহত্তর}]$$

প্রশ্ন ১৩ ৥ ΔABC -এ $AB \perp AC$ এবং D , AC -এর উপর একটি বিন্দু। প্রমাণ কর যে, $BC > BD$.

সমাধান :



মনে করি, ΔABC -এ $AB \perp AC$ এবং D , AC -এর উপর একটি বিন্দু। B, D যোগ করি। প্রমাণ করতে হবে যে, $BC > BD$.

প্রমাণ :


ধাপ

যথার্থতা

- ΔABD -এ $\angle BAD = 90^\circ$ এবং $\angle ACB < 90^\circ$
 $\therefore \angle BAD > \angle ACB$. [$AB \perp AC$] [$\angle ACB + \angle ABC = 90^\circ$]
- ΔABD -এর বহিঃস্থ $\angle BDC > \angle BAD$. [ত্রিভুজের বহিঃস্থ কোণ এর অন্তঃস্থ বিপরীত কোণ অপেক্ষা বৃহত্তর]
- ΔBDC -এ $\angle BDC > \angle BCD$. [১ এবং ২ হতে]
 $\therefore BC > BD$. [প্রমাণিত] [ত্রিভুজের বৃহত্তর কোণের বিপরীত বাহু ক্ষুদ্রতর কোণের বিপরীত বাহু অপেক্ষা বৃহত্তর।]

প্রশ্ন ১৪ ৥ প্রমাণ কর যে, সমকোণী ত্রিভুজের অতিভুজই বৃহত্তম বাহু।

সমাধান :



মনে করি, ΔABC -এ AB ও BC সমকোণী সঙ্লগ্ন দুইটি বাহু এবং AC অতিভুজ। প্রমাণ করতে হবে যে, $AC > AB$ এবং $AC > BC$.

প্রমাণ :


ধাপ

যথার্থতা

- ΔABC -এ $\angle ABC > \angle ACB$ [$\angle ABC = 90^\circ$ এবং $\angle ACB < 90^\circ$]
 $\therefore AC > AB$ [ত্রিভুজের বৃহত্তর কোণের বিপরীত বাহু ক্ষুদ্রতর কোণের বিপরীত বাহু অপেক্ষা বৃহত্তর]
- $\angle ABC > \angle BAC$
 $AC > BC$
 $\therefore AC$ -ই বৃহত্তম বাহু
অর্থাৎ, অতিভুজই ত্রিভুজটির বৃহত্তম বাহু। [প্রমাণিত]

প্রশ্ন ১৫ ৥ প্রমাণ কর যে, ত্রিভুজের বৃহত্তম বাহুর বিপরীত কোণ বৃহত্তম।

সমাধান :



মনে করি, ΔABC -এ BC বাহু বৃহত্তম। প্রমাণ করতে হবে যে, $\angle BAC$ বৃহত্তম কোণ।

প্রমাণ :

ধাপ

যথার্থতা


- ΔABC -এ $BC > AB$ [BC বৃহত্তর বাহু]
 $\therefore \angle BAC > \angle ACB$. [বৃহত্তর বাহুর বিপরীত কোণ ক্ষুদ্রতর বাহুর বিপরীত কোণ অপেক্ষা বৃহত্তর]
- আবার $BC > AC$ [কল্পনা]
 $\therefore \angle BAC > \angle ABC$ [বৃহত্তর বাহুর বিপরীত কোণ ক্ষুদ্রতর বাহুর বিপরীত কোণ অপেক্ষা বৃহত্তর]
 $\therefore \angle BAC$ -ই বৃহত্তম কোণ। [প্রমাণিত]

প্রশ্ন ১৬ ৥ চিত্রে, $\angle QPM = \angle RPM$ এবং $\angle QPR = 90^\circ$

ক) $\angle QPM$ এর মান নির্ণয় কর।

খ) $\angle PQM$ ও $\angle PRM$ এর মান কত?

গ) $PQ = 6$ সে.মি. হলে, PR এর মান নির্ণয় কর।



সমাধান:

- চিত্রানুসারে,
 $\angle QPM + \angle RPM = \angle QPR = 90^\circ$
বা, $\angle QPM + \angle QPM = 90^\circ$ [$\angle QPM = \angle RPM$]
বা, $2\angle QPM = 90^\circ$
 $\therefore \angle QPM = \frac{90^\circ}{2} = 45^\circ$
- ΔPQM -এ $\angle PMQ = 90^\circ$ [$PM \perp QR$]
 $\angle QPM = 45^\circ$ [ক নং হতে]

$\therefore \angle PQM + \angle QPM = 90^\circ$
 বা, $\angle PQM + 45^\circ = 90^\circ$
 বা, $\angle PQM = 90^\circ - 45^\circ = 45^\circ$
 আবার, $\angle RPM = \angle QPM = 45^\circ$, $\angle PMR = 90^\circ$
 $\therefore \angle PRM = 90^\circ - 45^\circ = 45^\circ$

গ) ΔPQR এ $\angle PQR = \angle PRQ$ [\because প্রত্যেকেই 45° এর সমান]
 $\therefore PQ = PR$ [ত্রিভুজের সমান সমান
 কোণের বিপরীত বাহু সমান]
 $\therefore PR = 6$ সে.মি. [$\because PQ = 6$ সে.মি.]



অতিরিক্ত বহুনির্বাচনি প্রশ্নোত্তর




৯.৫ : ত্রিভুজের বাহু ও কোণের সম্পর্ক ■ পৃষ্ঠা : ১১৭ ও ১১৮

সাধারণ বহুনির্বাচনি প্রশ্নোত্তর

- কোনো ত্রিভুজের একটি বাহু অপর একটি বাহু অপেক্ষা বৃহত্তর হলে বৃহত্তর বাহুর বিপরীত কোণ ক্ষুদ্রতর বাহুর বিপরীত কোণ অপেক্ষা— (জ্ঞান)
 ক) ক্ষুদ্রতর হবে ● বৃহত্তর হবে গ) সমান হবে ঘ) কোনোটিই নয়
- ABC ত্রিভুজের $AB = AC$ হলে, নিচের কোনটি সঠিক? (মধ্যম)
 ক) $\angle ABC = \angle BAC$
 ● $\angle ABC = \angle ACB$
 গ) $\angle BAC = \angle ACB$
 ঘ) $\angle ABC = \angle CAB$
 ব্যাখ্যা : কোনো ত্রিভুজের দুইটি বাহু পরস্পর সমান হলে, এদের বিপরীত কোণ দুইটি পরস্পর সমান হবে।
- ΔABC এ $\angle A = 75^\circ$, $\angle B = 30^\circ$ হলে, ΔABC কী ধরনের ত্রিভুজ? (মধ্যম)
 ক) স্মলকোণী গ) সমকোণী গ) সমবাহু ● সমদ্বিবাহু

৪.



চিত্রে $AB > BC$ হলে কোনটি সঠিক? (মধ্যম)

- $\angle ACB > \angle BAC$ গ) $\angle ACB = \angle BAC$
 গ) $\angle ACB < \angle BAC$ ঘ) $\angle ABC > \angle ACB$


ব্যাখ্যা : ΔABC -এ $AB > BC$

$\therefore \angle ACB > \angle BAC$ [বাহুদ্বয়ের বিপরীত কোণ]

- সমকোণী ত্রিভুজের সূক্ষ্মকোণদ্বয়ের একটি 60° অপর সূক্ষ্মকোণের মান নিচের কোনটি? (মধ্যম)

- 30° গ) 35° গ) 40° ঘ) 45°

৬.



এখানে $\angle P = ?$ (মধ্যম)

- ক) 30° গ) 45° ● 50° ঘ) 60°

ব্যাখ্যা : $\angle P + \angle Q + \angle R = 180^\circ$


বা, $\angle P + 60^\circ + 70^\circ = 180^\circ$

বা, $\angle P = 180^\circ - 130^\circ$

$\therefore \angle P = 50^\circ$

৭.

(কঠিন)



চিত্রে ΔABC এর ক্ষেত্রে $\angle ABC > \angle ACB$ এর ক্ষেত্রে নিচের কোনটি সঠিক?

- ক) $AB > AC$ গ) $AC < AB$ ● $AC > AB$ ঘ) $BC = AB$

ব্যাখ্যা : কোনো ত্রিভুজের একটি কোণ অপর একটি কোণ অপেক্ষা বৃহত্তর হলে, বৃহত্তর কোণের বিপরীত বাহু ক্ষুদ্রতর কোণের বিপরীত বাহু অপেক্ষা বৃহত্তর হবে।

- ত্রিভুজের ক্ষুদ্রতর বাহুর বিপরীত কোণ কী হবে? (সহজ)

- ক) বৃহত্তর ● ক্ষুদ্রতর গ) বৃহত্তম ঘ) সমান

বহুপদী সমাপ্তিসূচক বহুনির্বাচনি প্রশ্নোত্তর

- যেকোনো ত্রিভুজ ABC-এ—

i. $AB = AC$ হলে, $\angle ABC = \angle ACB$ হবে

ii. $AC > AB$ হলে, $\angle ABC > \angle ACB$ হবে

iii. $\angle ABC > \angle ACB$ হলে, $AB > AC$ হবে

নিচের কোনটি সঠিক? (মধ্যম)

- i ও ii গ) i ও iii গ) ii ও iii ঘ) i, ii ও iii

ব্যাখ্যা : i. তথ্যানুসারে সঠিক

ii. তথ্যানুসারে সঠিক

iii. সঠিক নয়। কারণ, $\angle ABC > \angle ACB$ হলে, $AC > AB$ হবে।

- সমদ্বিবাহু ত্রিভুজের—

i. ভূমি সংলগ্ন কোণদ্বয় পরস্পর সমান

ii. একটি কোণ 70° অপর দুইটি কোণের প্রত্যেকটি 55°


iii. একটি কোণ সমকোণ হলে তা সমদ্বিবাহু সমকোণী ত্রিভুজ

নিচের কোনটি সঠিক? (মধ্যম)

- ক) i ও ii গ) i ও iii গ) ii ও iii ● i, ii ও iii

অভিন্ন তথ্যভিত্তিক বহুনির্বাচনি প্রশ্নোত্তর

- নিচের তথ্যের আলোকে ১১ – ১৩ নং প্রশ্নের উত্তর দাও:



ABC একটি সমদ্বিবাহু ত্রিভুজ এবং $\angle BAC = 50^\circ$

- $\angle ABC$ এর মান নিচের কোনটি? (মধ্যম)

- ক) 60° ● 65° গ) 70° ঘ) 75°

- চিত্রে বহিঃস্থ $\angle ACD$ এর মান কত? (মধ্যম)

- ক) 70° ● 115° গ) 160° ঘ) 180°

ব্যাখ্যা : $\angle ACD + \angle ACB = 180^\circ$


বা, $\angle ACD + 65^\circ = 180^\circ$

বা, $\angle ACD = 180^\circ - 65^\circ = 115^\circ$

১৩. যদি $BC = 4$ cm এবং $AB = 5$ cm হয়, তবে $\triangle ABC$ এর পরিসীমা কত হবে? (কঠিন)

- 14cm ☒ 15cm ☑ 16cm ☒ 17cm
 ব্যাখ্যা : $\triangle ABC$ এর পরিসীমা = $AB + BC + AC$
 $= (5 + 4 + 5) \text{ cm} = 14 \text{ cm}$ [$\because AB = AC$]

■ নিচের তথ্যের আলোকে ১৪ – ১৬ নং প্রশ্নের উত্তর দাও:



ABC একটি সমদ্বিবাহু ত্রিভুজ যার $AB = AC$ এবং AO , $\angle BAC$ এর সমদ্বিখন্ডক।

১৪. $AB = AC$ হলে, $x =$ কত? (মধ্যম)

- ☒ 1 ● 2 ☑ 3 ☒ 5

ব্যাখ্যা : যেহেতু $AB = AC$

বা, $3x + 1 = 2x + 3$ বা, $3x - 2x = 3 - 1$ বা, $x = 2$.

১৫. $\angle ABC = 55^\circ$ হলে $\angle BAO =$ কত? (মধ্যম)

- ☒ 30° ● 35° ☑ 40° ☒ 60°

১৬. $\angle BAC =$ কত? (মধ্যম)


- ☒ 50° ☒ 60° ● 70° ☒ 90°

ব্যাখ্যা : যেহেতু AO , $\angle BAC$ -এর সমদ্বিখন্ডক

তাই, $\angle BAC = 2\angle BAO = 2 \times 35^\circ = 70^\circ$

■ নিচের তথ্যের আলোকে ১৭ ও ১৮ নং প্রশ্নের উত্তর দাও:

(শেরপুর সরকারী ভিক্টোরিয়া একাডেমি)



চিত্রে $AB \parallel CE$

১৭. $AC > AB$ হলে নিচের কোন সম্পর্কটি সঠিক?

- ☒ $\angle ACB > \angle ABC$ ● $\angle ABC > \angle ACB$
 ☑ $\angle ABC = \angle ACB$ ☒ $\angle ABC = \angle BAC$

১৮. AC ছেদকের ক্ষেত্রে $\angle ACE =$ কত?

- ☒ $\angle ECD$ ● $\angle BAC$
 ☑ $\angle ABC$ ☒ $\angle ACB$

ব্যাখ্যা : যেহেতু $AB \parallel CE$ এবং AC তাদের ছেদক।

$\therefore \angle ACE =$ একান্তর $\angle BAC$

৯.৬ : ত্রিভুজের দুই বাহুর দৈর্ঘ্যের যোগফল ■ পৃষ্ঠা : ১১৯ ও ১২০


সাধারণ বহুনির্বাচনি প্রশ্নোত্তর

১৯. ত্রিভুজের যেকোনো দুই বাহুর সমষ্টি এর তৃতীয় বাহু অপেক্ষা— (মধ্যম)

- ☒ ক্ষুদ্রতর হবে ● বৃহত্তর হবে
 ☑ সমান হবে ☒ সমান্তরাল হবে

ব্যাখ্যা : ত্রিভুজের যেকোনো দুই বাহুর সমষ্টি এর তৃতীয় বাহু অপেক্ষা বৃহত্তর।

২০.



চিত্রের আলোকে কোনটি সঠিক? (মধ্যম)

- ☒ $AB + BC = AC$ ☒ $AB + AC = 2AC$


● $AB + BC > AC$

☒ $AB + BC < AC$

২১. যেকোনো ত্রিভুজের যেকোনো দুই বাহুর দৈর্ঘ্যের বিয়োগফল এর তৃতীয় বাহু অপেক্ষা— (মধ্যম)

- ☒ বৃহত্তর ● ক্ষুদ্রতর
 ☑ সমান ☒ সমান্তরাল

২২.




চিত্রের আলোকে কোনটি সঠিক?

(মধ্যম)

- ☒ $AB + AC = 2A$ ● $AB + BC > AC$
 ☑ $AB + BC < AC$ ☒ $AB + BC = AC$

২৩.




ABC ত্রিভুজ কোন শ্রেণির?

[বগুড়া জিলা স্কুল]

- ☒ সমকোণী ☒ সূক্ষকোণী
 ☑ সমবাহু ● স্থূলকোণী

ব্যাখ্যা : $\angle ABC > 90^\circ$ । সুতরাং $\triangle ABC$ স্থূলকোণী।

২৪.



চিত্রে $AB > BC$ হলে কোনটি সঠিক?

(মধ্যম)

- $\angle ACB > \angle BAC$ ☒ $\angle ACB = \angle BAC$
 ☑ $\angle ACB < \angle BAC$ ☒ $\angle ABC > \angle ACB$

২৫. একটি ত্রিভুজের দুইটি কোণ 105° ও 40° । ত্রিভুজটি কোন প্রকৃতির? (মধ্যম)

- ☒ সূক্ষকোণী ☒ সমকোণী ● স্থূলকোণী | সমদ্বিবাহু

ব্যাখ্যা : ত্রিভুজের একটি কোণ 105° যা স্থূলকোণ। সুতরাং ত্রিভুজটি স্থূলকোণী।

বহুপদী সমাপ্তিসূচক বহুনির্বাচনি প্রশ্নোত্তর

২৬. ত্রিভুজের—

- i. যেকোনো দুই বাহুর সমষ্টি তৃতীয় বাহু অপেক্ষা বৃহত্তর
 ii. বৃহত্তম বাহুর বিপরীত কোণ বৃহত্তম
 iii. দুই বাহুর অন্তর তৃতীয় বাহু অপেক্ষা ক্ষুদ্রতর

নিচের কোনটি সঠিক? (সহজ)

- ☒ i ও ii ☒ i ও iii ☑ ii ও iii ● i, ii ও iii

ব্যাখ্যা : i, ii ও iii তথ্যানুসারে সঠিক।

২৭. স্থূলকোণী ত্রিভুজের—


- i. দুটি বাহুর সমষ্টি তৃতীয় বাহুর চেয়ে বৃহত্তর হয়
 ii. তিনটি বাহু অবশ্যই অসমান হবে
 iii. তিনটি বাহু সমান হবে

নিচের কোনটি সঠিক? (সহজ)

- i ও ii ☒ i ও iii ☑ ii ও iii ☒ i, ii ও iii

অভিন্ন তথ্যভিত্তিক বহুনির্বাচনি প্রশ্নোত্তর

■ নিচের তথ্যের আলোকে ২৮ – ৩০ নং প্রশ্নের উত্তর দাও :



- ABC ত্রিভুজের AB=3 সে.মি., BC=5 সে.মি. এবং AC=4 সে.মি.
 ২৮. বৃহত্তর কোণের বিপরীত বাহু কী হবে? (সহজ)
- বৃহত্তর
 ○ সমান
 ☒ ক্ষুদ্রতর
 ☑ সমান্তরাল

২৯. চিত্রের আলোকে নিচের কোনটি সঠিক? (মধ্যম)
- ☒ AB + AC < BC ● AB + AC > BC
 ☑ AB - AC > BC ☑ AB + AC = BC
- ব্যাখ্যা : $3 + 4 = 7 > 6 \therefore AB + AC > BC$.
৩০. চিত্রের ত্রিভুজটি কী ধরনের ত্রিভুজ? (সহজ)
- ☒ সমবাহু ☑ সূক্ষকোণী ☑ সমকোণী ● স্থূলকোণী
- ব্যাখ্যা : $\angle A = 110^\circ$, সুতরাং ত্রিভুজটি স্থূলকোণী।



অতিরিক্ত সৃজনশীল প্রশ্ন ও সমাধান




প্রশ্ন-১ ▶ $\triangle ABC$ এ $\angle ABC > \angle ACB$ ।

- ক. চিত্রসহ অতিভুজের সংজ্ঞা দাও। ২
 খ. $\triangle ABC$ এ $\angle ABC = 110^\circ$ এবং $\angle BAC = 35^\circ$ হলে $\angle ACB$ এর সম্পূরক কোণের মান নির্ণয় কর। ৪
 গ. উল্লিখিত ত্রিভুজের বেত্রে, প্রমাণ কর যে, $AC > AB$ । ৪

১নং প্রশ্নের সমাধান ▶▶

- ক. সমকোণী ত্রিভুজের সমকোণের বিপরীত বাহুকে বলা হয় অতিভুজ। চিত্রে ABC সমকোণী ত্রিভুজের $\angle B =$ এক সমকোণ, $AC =$ অতিভুজ।
 খ. $\triangle ABC$ এ, $\angle BAC = 35^\circ$, $\angle ABC = 110^\circ$ এবং $\angle ACB$ এর সম্পূরক কোণ হলো বহিঃস্থ $\angle ACD$.



আমরা জানি, ত্রিভুজের বহিঃস্থ কোণ এর অন্তঃস্থ বিপরীত কোণদ্বয়ের সমষ্টির সমান।

$$\therefore \text{বহিঃস্থ } \angle ACD = \angle BAC + \angle ABC = 35^\circ + 110^\circ$$

$$\therefore \angle ACD = 145^\circ \text{ (Ans.)}$$

- গ. 'খ' নং থেকে, $\angle ACD = 145^\circ$
 $\therefore \angle ACB = 180^\circ - 145^\circ = 35^\circ$
 $\angle ABC = 110^\circ$
 $\therefore \angle ABC > \angle ACB$
 আমরা জানি, বৃহত্তর কোণের বিপরীত বাহু ক্ষুদ্রতর কোণের বিপরীত বাহু অপেক্ষা বৃহত্তর।
 এখানে, $\triangle ABC$ এ $\angle ABC$ এর বিপরীত বাহু AC
 $\angle ACB$ এর বিপরীত বাহু AB
 $\therefore \angle ABC > \angle ACB$
 $\therefore AC > AB$ [প্রমাণিত]


প্রশ্ন-২ ▶ $\triangle ABC$ এর $AB = AC$ । BC বাহুকে D পর্যন্ত বর্ধিত করা হল।

[ডা. খাস্তগীর সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়, চট্টগ্রাম।]

- ক. উপযুক্ত তথ্যের আলোকে চিত্রটি আঁক। ২
 খ. প্রমাণ কর যে, $\triangle ABC$ এ, $\angle ABC + \angle BAC + \angle ACB = 2$ সমকোণ। ৪
 গ. প্রমাণ কর যে, $AD > AB$. ৪

২নং প্রশ্নের সমাধান ▶▶

- ক. উপযুক্ত তথ্যের আলোকে চিত্রটি আঁকা হলো :



- খ. $\triangle ABC$ -এ মান করতে হবে যে,
 $\angle ABC + \angle BAC + \angle ACB = 2$ সমকোণ।
 অঙ্কন : BA এর সমান্তরাল করে CE রেখা আঁকি।
 প্রমাণ :

ধাপ

যথার্থতা

১. $BA \parallel CE$ এবং AC তাদের ছেদক।

[একান্তর কোণ]

$$\therefore \angle BAC = \angle ACE$$

২. $BA \parallel CE$ এবং BD তাদের ছেদক।

$$\therefore \angle ABC = \angle ECD$$

$$\angle BAC + \angle ABC = \angle ACE + \angle ECD = \angle ACD$$

[অনুরূপ কোণ]

$$\angle BAC + \angle ABC + \angle ACB = \angle ACD + \angle ACB$$


[উভয় পক্ষে $\angle ACB$ যোগ করে]

$$\angle ACD + \angle ACB = \text{দুই সমকোণ}$$

[সরল কোণ উপপাদ্য]

$$\therefore \angle ABC + \angle BAC + \angle ACB = 2 \text{ সমকোণ (প্রমাণিত)}$$

- গ. মনে করি, $\triangle ABC$ এ, $AB = AC$, BC বাহুকে D পর্যন্ত বর্ধিত করা হলো। প্রমাণ করতে হবে যে, $AD > AB$.



প্রমাণ :

ধাপ

যথার্থতা

১. $\triangle ACD$ এর বহিঃস্থ কোণ $\angle ACB$

[ত্রিভুজের বহিঃস্থ কোণ এর অন্তঃস্থ বিপরীত কোণ অপেক্ষা বৃহত্তর]

$$\therefore \angle ACB > \angle ADC$$

২. $\triangle ABC$ এ, $AB = AC$

$$\therefore \angle ACB = \angle ABC$$

[সমান সমান বাহুর বিপরীত কোণ সমান]

৩. ধাপ (১) ও (২) থেকে,

$$\angle ABC > \angle ADC$$

$$\text{বা, } \angle ABD > \angle ADB$$

[বৃহত্তর কোণের বিপরীত বাহু ক্ষুদ্রতর]

৪. $\triangle ABD$ এ, $\angle ABD > \angle ADB$

∴ AD > AB (প্রমাণিত)

কোণের বিপরীত বাহু
অপেক্ষা বৃহত্তর।


প্রশ্ন-৩ ▶ ΔABC এ AC > AB



- ক. উপরের তথ্যের ভিত্তিতে ত্রিভুজটি আঁক। ২
